গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও
(সাধারণ শাখা)
www.thakurgaon.gov.bd

বিষয় : ডেঙ্গু প্রতিরোধে করণীয় নির্ধারণ সম্পর্কে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. কে এম কামরুজ্জামান সেলিম
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ঠাকুরগাঁও।

তারিখ : ০৪/০৮/২০১৯ খ্রিস্টাব্দ।

সময় : সকাল ১০.৩০ টা

সভায় উপস্থিত ব্যক্তিবর্গের স্বাক্ষর : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে এবং প্রধান অতিথি হিসেবে জনাব রমেশ চন্দ্র সেন, মাননীয় এমপি, ঠাকুরগাঁও-১ সভায় উপস্থিত থাকায় সভার পক্ষ থেকে মহোদয়কে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়ে সর্বপরি শোকের মাসে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ ই আগস্ট যারা শাহাদৎ বরণ করেছেন তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, বর্তমানে দেশের সর্বত্র ডেঙ্গুর প্রকোপ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ঈদের ছুটিতে রাজধানী ঢাকাসহ বিভিন্ন এলাকা থেকে লোকজন ঠাকুরগাঁও আসবেন। তাদের মধ্যে অনেকেই ডেঙ্গু রোগের জীবাণু বহন করতে পারেন। ইতিমধ্যে ঠাকুরগাঁও জেলায় ৩৩ জন ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়েছে। এমতাবস্থায় জরুরিভিত্তিতে ডেঙ্গুর বিস্তার প্রতিরোধ করা সম্ভব না হলে পরিস্থিতি নিয়ন্ত্রণ করা সম্ভব নাও হতে পারে। এছাড়া, গত ৩১-০৭-২০১৯ খ্রিঃ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের সম্মানিত অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন) স্যারের সাথে সকল জেলা প্রশাসকের ভিডিও কনফারেন্সিং-এ এ বিষয়ে একটি কর্মসূচি গ্রহণসহ ডেঙ্গু কর্ণার স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। তাই, ডেঙ্গু বিস্তার প্রতিরোধে করণীয় নির্ধারণ সম্পর্কে উপস্থিত সকলকে মতামত দানে আহবান জানানো হয়। সভায় মাননীয় প্রধান অতিথিসহ উপস্থিত জেলা এবং উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, পৌরসভার মেয়র, উপজেলা চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, বাংলাদেশ আওয়ামীলীগ, ঠাকুরগাঁও জেলা শাখার রাজনৈতিক নেতৃবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ, বাস এবং ট্রাক মালিক সমিতির নেতৃবৃন্দ, শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মালিক এবং প্রেসক্লাব সভাপতি/ প্রিন্ট মিডিয়ার সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ঠাকুরগাঁও জেলায় ডেঙ্গু প্রতিরোধ বিষয়ে সর্বসম্মতিক্রমে একদিনের ক্রাশ কর্মসূচি গ্রহণসহ নিম্নরূপ কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

কর্মসূচি

ক্রম	কর্মসূচি	তারিখ ও সময়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	এক দিনের ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে পরিচ্ছন্নতা অভিযান	০৭ আগস্ট ২০১৯ সকাল ১০.০০-দুপুর ১.০০ টা	সকল অফিস চত্তর, শিক্ষা প্রতিষ্ঠান, হাট বাজার, হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনিস্টিক সেন্টার, ধর্মীয় প্রতিষ্ঠান, মার্কেট, রাস্তাঘাট আবাসিক এলাকা, সকল প্রকার ড্রেন, নালা, খাল, জলাশয়, মজা পুকুরে বিদ্যমান/ জমে থাকা ময়লা পরিষ্কার করতে হবে এবং ব্লিচিং পাউডার ছিটিয়ে লাভা বিনাশ	১। স্ব স্ব অফিস প্রধান। ২। মেয়র, পৌরসভা (সকল) ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)

			করতে হবে এবং ডেঙ্গু মশা নিধনকারী কীটনাশক স্প্রে করতে হবে।	৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) ৬। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) ৮। সাধারণ সম্পাদক, বিএনসিসি, স্কাউটস, রোভার স্কাউটস, ঠাকুরগাঁও ৯। নির্বাহী পরিচালক, এনজিও (সকল)
০২	ডেঙ্গু কর্ণার স্থাপন ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগকরণ	পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত	ডেঙ্গুর বিস্তার প্রতিরোধে করণীয় এবং ডেঙ্গু রোগে আক্রান্ত ব্যক্তিদের সনাক্তকরণ, পৃথক বেডে/ ওয়ার্ডে প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদানসহ ডেঙ্গু বিষয়ে সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য ডেঙ্গু কর্ণার স্থাপন করতে হবে এবং এ বিষয়ে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করতে হবে।	১। সিভিল সার্জন, ঠাকুরগাঁও ২। তত্ত্বাবধায়ক, ঠাকুরগাঁও সদর হাসপাতাল, ঠাকুরগাঁও
০৩	মশক নিধন ও মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে মাইকিং ও লিফলেট বিতরণ কার্যক্রম	০৫ আগস্ট ২০১৯- ৭ আগস্ট ২০১৯ পর্যন্ত	ডেঙ্গু প্রতিরোধসহ মশক নিধন ও মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে গৃহিত কর্মসূচি ব্যাপক প্রচারের নিমিত্ত মাইকিং এবং লিফলেট বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা তথ্য অফিসার, ঠাকুরগাঁও ২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), ঠাকুরগাঁও ৩। মেয়র, পৌরসভা (সকল) ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)

১. ডেঙ্গু প্রতিরোধে করণীয় বিষয়ে এবং ডেঙ্গু রোগে আক্রান্ত ব্যক্তিদের বিষয়ে তথ্য আদান প্রদান এবং এ কার্যক্রমকে তদারকির জন্য রোস্টার ভিত্তিতে জেলায় একটি নিয়ন্ত্রণ সেল স্থাপন করার জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁওকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

২. আগামী ০৭-০৮-২০১৯ খ্রিঃ তারিখ গৃহিত এক দিনের ক্রাশ প্রোগ্রাম বাস্তবায়নের নিমিত্ত প্রস্তুতিমূলক সভা করে আগামী ০৬-০৮-২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে এ কার্যালয়কে প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩. রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকা থেকে ঠাকুরগাঁও-পঞ্চগড়গামী বাস, ট্রাক, পিকআপসহ অন্যান্য যানবাহনের যাত্রা শুরুর পূর্বে এবং পথিমধ্যে যাত্রা বিরতির সময় এডিস মশা নিধনে কার্যকর কীটনাশক/ ওষুধ স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাস/ ট্রাক/ পিকআপ ভ্যান/ ইজিবাইক মালিক/ শ্রমিক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৪. "নিজ আঙ্গিনা পরিষ্কার রাখি, সবাই মিলে সুস্থ থাকি' প্রতিপাদ্য বিষয়টিসহ এডিস মশা বিস্তার প্রতিরোধে করণীয় বিষয়ক লিফলেট, স্থানীয় মিডিয়া, স্থানীয় ক্যাবল অপারেটর এবং স্থানীয় দৈনিক 'লোকায়ণ' পত্রিকায় বিনামূল্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রচার ও প্রকাশনার ব্যবস্থা গ্রহণের জন্য সম্পাদক, দৈনিক লোকায়ণ পত্রিকা, সভাপতি, প্রেসক্লাব, ঠাকুরগাঁও এবং স্থানীয় ক্যাবল মালিককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৫. আগামী ০৭-০৮-২০১৯ খ্রিঃ তারিখে গৃহিত ক্রাশ কর্মসূচি সফল করার জন্য ওয়ার্ড পর্যায় থেকে ওয়ার্ড মেম্বার/ কাউন্সিলর, শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, ম্যানেজিং কমিটির সভাপতি ও স্থানীয় রাজনৈতিক এবং গণ্যমান্য ব্যক্তিগণের সমন্বয়ে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কর্মসূচি বাস্তবায়ন ও তদারকি কমিটি গঠনের জন্য মেয়র, পৌরসভা (সকল), চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৬. ডেঙ্গু রোগ নির্ণয়ে প্রয়োজনীয় কিট সরবরাহ চেয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর বরাবর পত্র প্রেরণের জন্য সিভিল সার্জন, ঠাকুরগাঁওকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৭. বসত বাড়ির চারপাশ পরিষ্কার রাখাসহ ডেঙ্গু প্রতিরোধে করণীয় বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জেলা সদরের মা দেরকে নিয়ে মা সমাবেশ করার জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঠাকুরগাঁওকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

[illegible] ৭-৮-২০১৯ খ্রিঃ তারিখে গৃহিত ১ (এক) দিনের ক্রাশ প্রোগ্রাম মনিটরিং করার জন্য নিম্নরুপভাবে একটি উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত [illegible]

কমিটিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঠাকুরগাঁও	আহবায়ক
২) অতিরিক্ত পুলিশ সুপার, ঠাকুরগাঁও	সদস্য
৩) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও	সদস্য
৪) উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর	সদস্য
৫) নেজারত ডেপুটি কালেক্টর, ঠাকুরগাঁও	সদস্য
৬) মেয়র, ঠাকুরগাঁও পৌরসভার প্রতিনিধি	সদস্য
৭) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও	সদস্য
৮) জনাব মাহবুবর রহমান খোকন, সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, ঠাকুরগাঁও জেলা শাখা	সদস্য
৯) অধ্যাপক মনতোষ কুমার দে, বিশিষ্ট শিক্ষাবিদ, ঠাকুরগাঁও	সদস্য
১০) বীরমুক্তিযোদ্ধা বদরুদ্দোজা, ঠাকুরগাঁও	সদস্য
১১) এ্যাডভোকেট মোঃ মোস্তাক আলম টুলু, সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, ঠাকুরগাঁও	সদস্য
১২) সভাপতি, প্রেসক্লাব, ঠাকুরগাঁও	সদস্য
১৩) নির্বাহী পরিচালক, ইএসডিও, ঠাকুরগাঁও	সদস্য

৯. জেলা সদরের আবাসিক এলাকায় পরিচ্ছন্নতা অভিযান তদারকি করার জন্য নিম্নরুপভাকে একটি মনিটরিং উপকমিটি গঠন করা হলোঃ

ক) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও	আহবায়ক
খ) রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঠাকুরগাঁও	সদস্য
গ) অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, ঠাকুরগাঁও	সদস্য
ঘ) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ঠাকুরগাঁও	সদস্য
ঙ) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঠাকুরগাঁও	সদস্য
চ) জেলা পরিসংখ্যান কর্মকর্তা, ঠাকুরগাঁও	সদস্য

১০. এ কর্মসূচি বাস্তবায়নের ব্যয় গত ১৬-০৭-২০১৯ খ্রিঃ তারিখের ৮৬৩ নম্বর স্মারকের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রের ৫ নম্বর অনুচ্ছেদের সিদ্ধান্তমতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের ভূমি হস্তান্তর কর বাবদ প্রাপ্ত অর্থ হতে এবং নিজস্ব রাজস্ব আয় হতে নির্বাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি গৃহিত সকল কর্মসূচির সফলতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

08/06/20[illegible]

(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও
☏ ০৫৬১-৫২০১১
dcthakurgaon@mopa.gov.bd